

৪ নং উলাইল ইউনিয়ন পরিষদ

ডাকঘর : রূপসা
উপজেলা -শিবালয়, জেলা- মানিকগঞ্জ।

“অক্টোবর/২০২৩ মাসের সাধারণ সভার কার্য বিবরণী”

সভাপতির নাম: জনাব মোহাম্মদ আনিসুর রহমান, চেয়ারম্যান, উলাইল ইউনিয়ন পরিষদ

স্থান : উলাইল ইউনিয়ন পরিষদ কার্যালয়

সময় : ১২.৩০ ঘটিকা

তারিখ : ৩০/১০/২০২৩ ইং

সভায় উপস্থিত সদস্য বৃন্দের হাজিরা পরিশিষ্ট (ক) দ্রষ্টব্য

আলোচ্য বিষয় :

- ০১। বিগত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
- ০২। মাসিক সাধারণ সভার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা।
- ০৩। কৃষকদের মাঝে কৃষি প্রনোদনা পিয়াজের দানা বিতরণের উপকার ভোগীর তালিকা তৈরি প্রসঙ্গে।
- ০৪। বিবিধ

অদ্য ৩০/১০/২০২৩ ইং তারিখ দুপুর ১২.৩০ ঘটিকার সময় অত্র উলাইল ইউনিয়ন পরিষদ কার্যালয়ে অক্টোবর/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ আনিসুর রহমান চেয়ারম্যান পরিষদ উলাইল ইউনিয়ন। সভার শুরুতেই সভার সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্য/সদস্যা কে ধন্য বাদ দিয়ে কাজ শুরু করেন। সভায় চেয়ারম্যান সাহেব সচিব সাহেব কে বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানোর জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান সাহেবের অনুরোধে সচিব সাহেব বিগত সভার মন্তব্য পাঠ করে শুনান ইহাতে কোন সংশোধনী না থাকায় সকল সদস্যদের সর্ব সম্মতি ক্রমে গৃহিত ও অনুমোদিত হয়।

২ নং আলোচনান্তে সভাপতি সাহেব বলেন যে আমাদের ইউনিয়নের শারদীয় দুর্গাপূজা সুন্দর ভাবে উৎযাপিত হয়েছে। কোথাও কোন প্রকার অপ্রীতি কর ঘটনা ঘটেনি। বর্তমান সময়ে রাজনৈতিক কারণে পরিবেশ পরিস্থিতি খুবই ভয়াবহ। আমাদের সকলকে সবসময় সচেতন থাকতে হবে। যদি কোথাও কোন বড় ধরনের নাশকতা মূলক গঠনা ঘটে তাহলে প্রশাসনকে সাথে সাথে জানাতে হবে। এ বিষয় নিয়ে উপস্থিত সকল সদস্য / সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।


৩ নং আলোচনান্তে সভাপতি সাহেব জানান যে এবছর ১৯ জন উপকার ভোগীর মাঝে পিয়াজের দানা প্রদান করা যাবে। চেয়ারম্যান সাহেব বলেন আপনারা প্রত্যেক সদস্য ০১টি করে তালিকা তৈরি করবেন। বাকি তালিকা আমি নিজে করব। এ বিষয় নিয়ে উপস্থিত সকল সদস্যদের মধ্যে বিশদ আলোচনা হয়। সকল সদস্যদের সম্মতি ক্রমে ১৯ জন পিয়াজের দানা উপকার ভোগীর অগ্রাধিকার তালিকা তৈরির প্রস্তাব গৃহিত হলো। উপস্থিত

৪ নং উলাইল ইউনিয়ন পরিষদ

ডাকঘর : রূপসা
উপজেলা -শিবালয়, জেলা- মানিকগঞ্জ।

সকলের সামনে সভাপতি সাহেব জানান যে প্রতি মাসের ০১ থেকে ২০ তারিখ পর্যন্ত মা ও শিশুসুরক্ষা উপকার ভোগী অনলাইনে আবেদন করতে পারবে। এলাকার হতদরিদ্র পরিবারকে আবেদন করতে বলতে হবে। যাহারা অন্যকোন সুবিধা পান না এমন পরিবারের তালিকা তৈরি করতে হবে। গর্ভবতী মহিলাদের আবেদন করার জন্য ০৪ থেকে ০৬ মাস গর্ভ থাকতে হবে। গর্ভবতী মহিলার অবশ্যই জাতীয় ভোটার আইডি থাকতে হবে। এ বিষয় নিয়ে উপস্থিত সকল সদস্য/সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা করেন। উপকার ভোগীদের অনলাইনে আবেদন করার জন্য ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যদের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ আনিসুর রহমান

চেয়ারম্যান

উলাইল ইউনিয়ন পরিষদ

শিবালয়, মানিকগঞ্জ